29

দৈনিক সংবাদ

তারিখ ... 17 MAY 1996
পৃষ্ঠা – ৫ কলাম – ৩

# বান্দরবান ঃ ১৮টি বিদ্যালয় স্বীকৃতি পায়নি, ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত

বান্দরবান, ১৬ই মে (নিজস্ব সংবাদদাতা)।– বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের উদ্যোগে প্রতিষ্ঠিত ১৮টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দীর্ঘ ৪ বছর পরেও স্বীকৃতি লাভ করেনি। ফলে বিভাগীয় সমস্যাসহ আর্থিকভাবে দারুণ সংকটে পতিত হয়েছে বিদ্যালয়গুলো। অনিশ্চয়তা দেখা দিয়েছে প্রায় ৩ হাজার ছাত্র–ছাত্রী ও ৬৪ জন শিক্ষকের ভবিষ্যৎ।

জেলার সদর, রুমা, রোয়াংছড়ি, আলিকদম, লামা ও নাইক্ষংছড়ি থানার বিভিন্ন জনবসতি ও গুরুত্বপূর্ণ এলাকায় স্থানীয় সরকার পরিষদ নিজস্ব আর্থিক সাহায্যে ২৩টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করে '৯২ সালে। এরমধ্যে ৫টি বিদ্যালয় সরকারি স্বীকৃতিপ্রাপ্ত হয়েছে। বাকি ১৮টি বিদ্যালয় এখনো স্বীকৃতি না পাওয়ায় বিদ্যালয়গুলোর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

পরিষদ কর্তৃপক্ষ বিদ্যালয় গৃহ, আসবাবপত্র এবং শিক্ষক–শিক্ষিকা নিয়োগের ব্যবস্থা করে। এসব বিদ্যালয় পরিচালনার জন্য কমিটি গঠনসহ সাধ্যানুযায়ী আর্থিক অনুদানও অব্যাহত রেখেছিল। কিন্তু গত অর্থ বছর থেকে সরকারি বরাদ্দ কমে যাওয়ায় বিদ্যালয়গুলো পরিচালনার ক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছে। স্থানীয় উপজাতীয় অউপজাতীয় জনগোষ্ঠী খুবই দরিদ্র তাই তাদের পক্ষে বিদ্যালয়ে অর্থ প্রদান কিংবা চাঁদা দেয়াও সম্ভব হচ্ছে না।

পরিষদ সূত্র জানায়, জেলার প্রত্যন্ত অঞ্চল ও দুর্গম এলাকার ছেলে–মেয়েদের মাধ্যমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পরিষদ কর্তৃপক্ষ '৯২ সালে উক্ত বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিল। প্রতিটি বিদ্যালয়ে ৪ জন করে শিক্ষক–শিক্ষিকা এবং গড়ে ২শ' ছাত্র–ছাত্রী রয়েছে। বিদ্যালয়গুলো চালু হবার পর থেকে পল্লী এলাকায় অবহেলিত ছেলে–মেয়েরা ন্যূনতম মাধ্যমিক শিক্ষা লাভের সুযোগ পেয়ে আসছিল।

দারুণ আর্থিক সংকটের ফলে এসব বিদ্যালয়ের অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। শিক্ষকরা নিয়মিত বেতন না পাওয়ায় এবং ছাত্র–ছাত্রীরা মাসিক চাঁদা দিতে না পারার জন্য বিদ্যালয়গুলো বন্ধের উপক্রম হয়ে দাঁড়িয়েছে। সরকারি পর্যায়ে কোন আর্থিক সহযোগিতা পাচ্ছে না। তবে পরিষদ কর্তৃপক্ষ সীমিত সম্পদের মধ্য থেকে কিছুটা সহায়তা দিয়ে যাচ্ছে বিদ্যালয়গুলোকে।